

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যিক হলো জাহান্নামের আগুন থেকে বাঁচার জন্য দুনিয়াতে প্রবৃত্তির চাহিদামূলক কাজ থেকে দূরে থাকতে হবে- এই মর্মে হাদীস

ذَكَرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الْإِحْتِرَازِ مِنَ النَّارِ مَجَانِيَةَ الشَّهَوَاتِ فِي الدُّنْيَا

আরবী

716 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو نَصْرِ التَّمَّارُ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (حُفَّتِ الْجَنَّةُ بِالْمَكَارِهِ وَحُفَّتِ النَّارُ بِالشَّهَوَاتِ)

الراوي : أنس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 716 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭১৬. আনাস রাহিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কষ্টদায়ক জিনিস দ্বারা জান্নাতকে ঢেকে দেওয়া হয়েছে আর প্রবৃত্তির চাহিদামূলক কাজ দ্বারা জাহান্নামকে ঢেকে দেওয়া হয়েছে।”[1]

ফুটনোট

[1] মুসনাদুশ শিহাব: ৫৬৮; মুসনাদ আহমাদ: ৩/১৫৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১১৪; সহীহ মুসলিম: ২৮২২; তিরমিযী: ২৫৫৯; দারেমী: ২/৩৩৯।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৭১৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89218>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন